

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।


তারিখ: ১৭-০৭-২০২২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ১৭-০৭-২০২২ খ্রি. তারিখ, রবিবার জনাব শাহ মো: সজীব, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের এর নেতৃত্বে "বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডার", চন্দ্রিমা এভিনিউ, মোহাম্মদপুর ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। অভিযানকালে দেখা যায়, বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডার এর কারখানাটি অত্যন্ত নোংরা ও অপরিচ্ছন্ন পরিবেশে খাদ্য উৎপাদন ও মজুদ করতে দেখা যায়। নির্ধারিত স্বাস্থ্যসম্মত পরিবেশ সংরক্ষণ বা প্রক্রিয়া অনুসরণের মানদণ্ড ও শর্তের ব্যত্যয় ঘটিয়ে মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকর হতে পারে একরূপ প্রক্রিয়ায় প্রস্তুতকৃত খাদ্যদ্রব্য উৎপাদন, প্রক্রিয়াকরণ বা বিক্রয় করা হয়। এসকল অপরাধে "বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডার" কর্তৃপক্ষকে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর সংশ্লিষ্ট ধারা অনুযায়ী ৩,০০,০০০/- (তিন লক্ষ টাকা) অর্থদণ্ডে দণ্ডিত করা হয় এবং তাৎক্ষণিক উক্ত দণ্ডের জরিমানা আদায় করা হয়।

"বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডার" কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য মোড়কীকরণ, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয়। "বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডার" কর্তৃপক্ষও নির্দেশনা মেনে চলবেন বলে অঙ্গীকার করেন।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য পরিদর্শক জনাব আব্দুল খালেক মজুমদার এবং ছানোয়ার হোসেন, বাংলাদেশ নিরাপদ খাদ্যের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটেলিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।



(ড. সহদেব চন্দ্র সাহা)
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ

ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd

ফোনঃ ২২২২২৩৪৮১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।